গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দিঘলিয়া, খুলনা
www.digholia.khulna.gov.bd

বিষয় : **দিঘলিয়া উপজেলার আইসিটি বিষয়ক কমিটির সেপ্টেম্বর-২০২৬ মাসের সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব সুজন দাশ গুপ্ত, উপজেলা নির্বাহী অফিসার, দিঘলিয়া, খুলনা
স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, দিঘলিয়া, খুলনা
সভার তারিখ : ১৬-০৯-২০২৬ খ্রি. সময়: সকাল ১১.০০ ঘটিকা
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। বিগত সভার কার্যবিবরণী এবং বর্তমান সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ

ক্র: নং	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	দিঘলিয়া উপজেলার সকল দপ্তর ও ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টালসমূহ হালনাগাদকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী প্রোগ্রামার, অফিস প্রধান (সকল), চেয়ারম্যান (সকল ইউনিয়ন পরিষদ), উদ্যোক্তা (সকল ইউনিয়ন পরিষদ), দিঘলিয়া, খুলনা।
০২	আইসিটিডি ডিজিটাল ল্যাব যথাযথভাবে ব্যবহার নিশ্চিতকরণ এবং নিয়মিত পরিদর্শন ও দিক-নির্দেশনা প্রদানের ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী প্রোগ্রামার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ল্যাবপ্রাপ্ত প্রতিষ্ঠান প্রধান (সকল), দিঘলিয়া, খুলনা।
০৩	দিঘলিয়া উপজেলাধীন ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের প্রতিদিনের আয় ব্যয়ের তথ্য এক সেবায় নিয়মিতভাবে আপলোডের সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় বিভিন্ন ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তারা জানান যে তাদের (ছয়টি ইউনিয়ন ডিজিটাল সেন্টার থেকে) আনুমানিক ১,৩৫,০০০/- টাকা মাসিক আয় হয়।	ইউপি সচিব, উদ্যোক্তা (সকল ইউনিয়ন পরিষদ), দিঘলিয়া, খুলনা।
০৪	দাপ্তরিক সকল কার্যক্রম ডি-নথি সিস্টেমের মাধ্যমে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী প্রোগ্রামার, অফিস প্রধান (সকল), দিঘলিয়া, খুলনা।
০৫	প্রজাতন্ত্রের একজন দায়িত্বশীল কর্মকর্তা হিসাবে সামাজিক যোগাযোগ মাধ্যম তথা Facebook, Twitter ইত্যাদিতে কোন অগ্রহণযোগ্য মন্তব্য না করা এবং Facebook, Twitter ইত্যাদি ব্যবহারের নীতিমালা অনুসরণ করে পোস্ট, মন্তব্য বা শেয়ার করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	অফিস প্রধান (সকল),দিঘলিয়া, খুলনা।
০৬	সকল দপ্তরের কর্মকর্তা কর্মচারীদের GEMS সিস্টেমে রেজিস্ট্রেশন সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়।	দপ্তর প্রধান (সকল), দিঘলিয়া, খুলনা ।

অতঃপর আইসিটির বিকাশ ও উন্নয়নের মাধ্যমে উন্নত বাংলাদেশ গড়ার লক্ষ্যে সকলকে সক্রিয় অংশগ্রহণের আহবান জানিয়ে এবং সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২০-০৯-২৬
(সুজন দাশ গুপ্ত)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইসিটি কমিটি
দিঘলিয়া, খুলনা
E-mail: unodigholia@mopa.gov.bd

স্মারক নং: ০৫.৪৮.৪৭৪০.০০০.১৯.০০৪.২৬-৯৯১ তারিখ: ২০-০৯-২৬ খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, ঢাকা
২. মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, ঢাকা
৩. জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা
৪. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), খুলনা
৫. মাধ্যমিক শিক্ষা অফিসার / উপজেলা শিক্ষা অফিসার, দিঘলিয়া, খুলনা
৬. অধ্যক্ষ/ প্রধান শিক্ষক ..... দিঘলিয়া, খুলনা
৭. চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, দিঘলিয়া, খুলনা
৮. ....., দিঘলিয়া, খুলনা
৯. অফিস কপি।

২০-০৯-২৬
(পুষ্পেন্দু দাশ)
সহকারী প্রোগ্রামার
ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি কমিটি
দিঘলিয়া, খুলনা
E-mail: pushpendu.ap@gmail.com